Right Form OF Verb

(ক্রিয়ার সঠিক রুপ)

** Right form of verb বলতে verb এর সঠিক রূপ/ গঠন কে বোঝায়।

** এই অংশটুকু একজন শিক্ষার্থী ও চাকুরীর প্রত্যাশীদের নিকট অত্যন্ত গুরুত্বপূর্ণ

Verb এর রূপ সমূহ আলোচনা করা হলো

i.	Base form	→	V1	→	eat, go, do
ii.	Past from	→	V2	→	ate, did, went
iii.	Gerund Form	→	(V1+ing) = Noun	→	Eating, going, doing
iv.	Infinite Form	→	(to+V1)	→	to eat, to go, to do
v.	S/es/ ies added	→	(V1+ing)		eats, does, goes
vi.	Past participle form	→	V3	→	Eaten, gone
vii.	Present participle form	→	(V1+ing) Adj/Adv		= eating
viii.	prefect participle form	→	having+V3 b	→	= having eaten, having gone

To be verb এর ব্যাখ্যাসহ উদাহরণ

→ **To be verb**
Am, is are, was, were, shall be, will be, have been, had been, shall/ will have been ইত্যাদির পর V1+ing যোগ হয়। (Active এর ক্ষেত্রে/ আর passive এর ক্ষেত্রে V3 হয়।

Exm-1: we are (write) a letter

Ans = writing

ব্যাখ্যা: উক্ত Sentence টি to be verb "are" রয়েছে এবং Active voice এ অবস্থায় রয়েছে।

Exm-2: The news was (publish) on today.

Ans: published.

ব্যাখ্যা: এই Sentence টিতে to be verb "was" থাকা সত্বেও verb এর সাথে ed যুক্ত হয়েছে। কারণ, Sentence টি Passive voice এ আছে।

Exm-3: Water is (boil) at 90^0 celsius.

Ans: boiled.

ব্যাখ্যা: ২ নং ব্যাখ্যা এর অনুযায়ী।

To have verb এর ব্যাখ্যাসহ উদাহরণ

→ **To have verb**:- Have, has, had, shall/will have ইত্যাদির পর V3 হয়।

Exm-1: He has (do) the work.

Ans: Done.

ব্যাখ্যা: উক্ত Sentence এ have verb "has" থাকায় পরবর্তী verb এর সাথে V_3 হয়েছে।

Exm-2: They have (finish) the work on time.

Ans: finished.

ব্যাখ্যা: ১ নং অনুযায়ী।

Exm-3: Have you ever (be) to London.

Ans: been.

ব্যাখ্যা: ১ নং অনুযায়ী।

To do verb এর ব্যাখ্যাসহ উদাহরণ

To do verb :- Do, does, did এদের পরে V1 হয়।

Exm-1: she did not (phoned) me last right

Ans = Phone

Exm-2: I (do) the work

Ans = do

Exm -3: Do you (think) properly.

Ans: think.

ব্যাখ্যা: উপরের তিনটি উদাহরণ যথাক্রমে Do verb থাকায় পরবর্তী verb এর কোন পরিবর্তন হয়নি। অর্থাৎ, যা আছে তাই থাকবে।

Verb/ Modal Related

**** অর্থাৎ প্রশ্নে Verb ও Modal থাকলেই যেন চোখ খোলা/বন্ধ রেখেই উত্তর দিতে পারেন।**

Modal

i. **Modal থাকলে = V1 হয়।**
ii. **Modal + be থাকলে = (V1+ing) হয়। Active voice এর ক্ষেত্রে।**
iii. **Modal + be থাকলে = (V3) হয়। Passive voice এর ক্ষেত্রে।**
iv. **Modal + have থাকলে = V3 হয়।**

Note: এগুলো নিয়ে বিস্তারিত ব্যাখ্যাসহ উদাহরণ ভিতরের অংশে আলোচনা করা আছে।

Verb এর ক্ষেত্রে

i. **To be verb থাকলে = (V1+ing) হয়। Active voice এর ক্ষেত্রে**
ii. **To be verb থাকলে = (V3) হয়। Passive voice এর ক্ষেত্রে।**
iii. **To do verb থাকলে = (V1) হয়।**
iv. **To have verb থাকলে = (V3) হয়।**

Note: এগুলো নিয়ে বিস্তারিত ব্যাখ্যাসহ উদাহরণ ভিতরের অংশে আলোচনা করা আছে।

Note : Modal এর দুই নং ও verb এর ১নং Form এরং modal এর ৩নং ও verb এর ২নং form নিয়ম একই।

Modal and Semi Modal Verb

Modal and Semi Modal Verb : Can, could, may, might, shall, should, will, would, must, dare, used to, need, let, would rather, had rather, had better, am to, is to, ought to, have to, has, to, are to, was to, were to ইত্যাদির পর V1/ base form বা present form বসে।

Exm: ** You **have to** (come) here on time.
Ans: come
** Himu **had better** (Study) tonight.
Ans: study
** He **could** (speak) fluent
Ans: speak
** You **should (**visit) your school.
Ans: visit
** Would you **like to** sing a song?
Ans: sing
** He was **let** (to go)
Ans: go
** He **used to** (read) the daily star.
Ans: read
** You **had better** (leave) the place.
Ans: leave
** He did not **nothing but** (sing)
Ans: Sing
** The a/batross **Made** the wind (blow)
Ans: blow
** They **ought to** (solved) the problem properly.
Ans: solve
** They **must** (following) the rules in this class.
Ans: Follow

ব্যাখ্যাঃ উপরের ১৩টি উদাহরণে যথাক্রমে underline কৃত প্রত্যেকে Modal and semi Modal verb থাকায় ব্রাকেটের verb এর base form এ ব্যবহৃত হয়েছে।

Auxilary verb এর পরিবর্তন

Modal + be যোগ করলে	**To be verb** = হয়ে যায়।	**Shall + be = shall be** **Will + be = will be**
Modal + have যোগ করলে	**To have verb** হয়ে যায়।	**shall + have = shall have** **will + have = will have** **should + have = should have**
To be verb + to যোগ করলে	**Modal/semi-modal** হয়ে যাবে।	**am + to = am to** **is + to = is to** **was + to = was to** **were + to = were + to**
To have verb + to	**semi modal** হয়ে যাবে।	**Have + to = have to** **has + to = has to** **had + to = had to**
To have verb + been যোগ করলে	**To be verb** হয়ে যাবে।	**have + been = have been** **has + been = has been** **shall have + been = shall have been** **will have + been = will have been**

To be verb → এরা Active ও passive voice দুটো ক্ষেত্রেই ব্যবহৃত হয়।

1. To have verb
2. To do verb
3. modal Auxilary verb

} এরা শুধু Active voice এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। এরা কখনও passive voice হয়না।

Note : → আশা করি **Auxilary verb** নিয়ে আর কোন সমস্যা হবে না ইনশা আল্লাহ।

কিভাবে verb এর V1/ base form হয়।

i. **To** এর পরে **V1** হবে। (তবে কিছু ব্যতিক্রম নিয়ম ছাড়া)

ii. **Model verb** এরপরে **V1** হবে।

iii. **Sub** যদি **I, We, They, You** থাকে এরপরে **V1** হবে। (শর্ত বাক্যটি **present** হতে হবে।)

১ নং এর উদাহরণ সহ ব্যাখ্যা :

eoxam: i) I went to (go) there = Ans: go অর্থাৎ এখানে সব গুলো (V1) হয়েছে to এর পর।

ii) He know how to (convinced) me. Ans : Convince.

iii) to (get) money Ans= get

২ নং এর উদাহরণ সহ ব্যাখ্যা :

Exam :

i. I **can** (do) the work Ans= do ব্যাখ্যা : উক্ত উদাহরণ গুলোতে model verb থাকায় main verb এর রুপ হিসেবে V1 হয়েছে।

ii. It **may** (rain) today Ans = rain

iii. He **could** (speak) truth Ans = could

iv. I **may** (help) you. Ans = may.

v. She made me (to solve) the sum Ans= solve

vi. They must (following) the rules of leave Ans = follow

ব্যাখ্যা : উপরের ৬টি উদাহরণে যথাক্রমে modal and semi modal verb থাকায় verb এর base form হয়েছে।

৩নং উদাহরণঃ

I write, you write, we write, they write, they go, we go, you go, I go,

ব্যাখ্যাঃ এখানে প্রতিটি verb এর present form এ আছে।

*** If + subject + were দিয়ে কোন sentence শুরু হলে পরের clause টিতে sub + might/ would/ could + verb এর present form হয়।

(a) If I **were** a bird, I could (fly)

Ans: Fly

ব্যাখ্যা: এখানে If এর পরে sub + were থাকায় ঠিক পরের clause টি present form এ হয়েছে।

(b) If I were you, I would (help) the poor.

Ans: Help

ব্যাখ্যা : উপরেরটি অনুযায়ী।

*** To do verb + V1 হয়।

যেমন, i. **Does** he (helps) the poor man?

Ans: help

ii. They **did** not (come) to the real space.

ব্যাখ্যা: উপরের দুটি উদাহরণে যথাক্রমে (Does ও did) do verb থাকার কারণে verb এর base form বা V1 হয়েছে। (help ও come)

iii.She **did** not (phoned) me last night.

Ans: Phone

ব্যাখ্যা: এখানে (did) do verb তাই phone হয়েছে base form হিসেবে।

iv. we **don't** (support) any work.

Ans : Support কারণ don't এখানে Negative অর্থে do verb.

v. Rajib **did** not (did) the deed.

Ans: Do এর কারণে did এর base form do

*** "Used to" যদিও modal verb আমরা আগেই বলেছি Modal verb এর পর verb এর present form হয়। কিন্তু be verb/ get + used to থাকলে পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়।

i. the boy were **used to** (play) cricket in the mohali stadium.

Ans: Playing

ব্যাখ্যা : এখানে used to এর পূর্বে (were) be verb থাকায় (play) verb এর সাথে ing যুক্ত হয়েছে। কিন্তু be verb না থাকলে play টি base form হিসেবে play ই থাকত।

ii. we, the villagers, used to (take) bath in the river daily.

Ans : take

ব্যাখ্যা ঃ এখানে used to এর পূর্বে কোন be verb বা get নেই।

***কোন sentence এ Conjunction হিসেবে so that, in order that, so ..... that থাকলে পরবর্তী sentence এর পর can/ could/ may/ might/ + verb এর present form ব্যবহৃত করতে হয়।

i. they work hard **so that** they (get) more result.

Ans : ..... can get

ব্যাখ্যা ঃ এখানে conjunction, so that এর পরবর্তী subject টি হল they তাই এর পরে can বসেছে + verb এর present form বসেছে।

ii. she was so anxious **that** she (not speak) easily.

Ans : -------- could not speak

Note : প্রথম অংশটি present tense হলে পরবর্তী অংশে can/ may বসে। কিন্তু প্রথম অংশটি past tense হলে পরবর্তী অংশে could/ might বসে।

** Lest যদিও conjunction এটি ২টি sentence বা clause কে যুক্ত করে।

গঠন ঃ "Lest" + subject + should/ might +verb এর base form

যেমন : i. play well lest you (fail) in the final game.

Ans : Should/might fail.

ব্যাখ্যা ঃ এখানে lest এর পরে (you) subject থাকায় (fail) verb টি base form হিসেবে ব্যবহৃত হয়েছে।

iii. call me twice in a week lest I (forget) your memory.

Ans : ------ Should/ might forget.

Note : Lest কখনো no, not, never গ্রহণ করে না। কারণ lest নিজেই একটা negative অর্থে ব্যবহৃত হয়।

iii. walk fast lest you (miss) the train.

Ans : -------- should miss

** সাধারণ present indefinite tense (sub + V1 + obj) এভাবে হয়।

যেমন : i. He (eat) rice

Ans : eats

ব্যাখ্যা ঃ He এখানে 3PSN তাই verb এর সাথে s যোগ হয়েছে।

ii. She (attend) y class regularly.

Ans : -------- attends

ব্যাখ্যা ঃ She এখানে 3PSN এবং সেই সাথে উক্ত sentence টি Regularly থাকায় present indefinite tense হওয়ায় verb এর সাথে s যুক্ত হয়ে attends হয়েছে।

iii. He (go) to school everyday.
Ans : goes

ব্যাখ্যা ঃ ২নং ব্যাখ্যা অনুযায়ী।

iv. The girl (sing) songs
Ans : sings

ব্যাখ্যা ঃ The girl একানে 3PSN তাই sing এর সাথে s যোগ করে sings করা হয়েছে।

v. Tahsin (take) coffee regularly.
Ans : Takes

ব্যাখ্যা ঃ ২ ও ৩ নং ব্যাখ্যা অনুযায়ী।

verb এর শেষে s, es, ies যোগ করার নিয়ম

Rule 1 : present indefinite এর subject টি third person singular number হলে verb এর শেষে s, es, ies যোগ করতে হয়।

verb এর শেষে s, es, ies যোগ করার নিয়ম

i. es হয় ⟶ যদি এর শেষে এই চিহ্ন থাকে … ch…. e…..s…..sh ……x …..z……o…… থাকলে

ii. ise ⟶ consonant + y থাকলে y উঠে গিয়ে ise হয়।

iii. অন্যান্য থাকলে সে ক্ষেত্রে `s' যোগ করতে হয়।

১ নং এর উদাহরণ ঃ

catches matches kisses goes. does mixes fisex

উদাহরন ২

Carry= এখানে y উঠিয়ে গিয়ে ise যোগ করতে হবে।
= carries
marry= এখানে y উঠিয়ে গিয়ে ise যোগ করতে হবে।
Bury= Buries
Cary= Cries

৩নং এর উদাহরণ ঃ

eats, sees, creates, knows bus.

ব্যাখ্যা ঃ উপরে ১ ও ২ নং নিয়মের চেয়ে ব্যতিক্রম বিধায় ea= এর জায়গায় eates হয়েছে। obey=obeys
See= এর জায়গায় sees হয়েছে। say=says create= এর জায়গায় creates হয়েছে।
যেমন,

i. He eat rice Ans : Eats.
ii. He always (try) the best. Ans : tries.
iii. Hafiz (come) of a noble family. Ans= comes
iv. He (go) to school everyday . Ans : goes.

ব্যাখ্যা ঃ উপরের প্রত্যেকটি sentence এ subject third person হওয়ায় verb এর সাথে s/es যোগ করা হয়েছে।

Rule 1: এর কোন sentence এর মধ্যে Daily, usually, Everyday, occasionally, Generally, always, often, sometime, Normally, Regularly ইত্যাদি Adverb থাকবে। এগুলো টেকনিকে মনে রাখার কৌশল

DEAR SON GO U

D=Daily
E= Everyday
A= Always

R=Regularly
S= Someone ইত্যাদি থাকলে present Indefinite tense হবে।
N=Normally
O= Occasionally
G= Generally
U= Usually

যেমন,

i. Tahsin (take) milk regularly. Ans : Takes
ii. He always (try) his best. Ans : Tries
iii. I generally (go) to play cricket. Ans : go

Rule 2 : কোন sentence এ চিরন্তন সত্য (Universal truth) অভ্যাসগত (Habitual fact) (Scientific truth বৈজ্ঞানিক সত্য) বুঝালে এবং sentence টির Subject যদি third person হয় তাহলে verb এর সাথে s/es যোগ করতে হয়।

এটি মনে রাখার কৌশল (H.U. S) Habitual fact, universal truth, scientific truth.

i. the sun (rise) in the east. Ans : Rises
ii. Earth (revolve around the sun Ans : revolves